বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
৩৭/এ, দিলকুশা বা/এ, ঢাকা
লাইফ অনুবিভাগ
রিপোর্ট,রিটার্ণ ও অডিট শাখা
www.idra.org.bd

**প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের পরিচালনা পর্ষদের সাথে গভর্ন্যান্স রিভিউ সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | ড. এম আসলাম আলম<br>চেয়ারম্যান |
| সভার তারিখ | ২২/১২/২০২৪ খ্রি. |
| সভার সময় | ০৩.০০ টা |
| স্থান | সভাকক্ষ ০১, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক, দ্রষ্টব্য |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি সংশ্লিষ্ট কর্মকর্তাকে প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড এর গভর্ন্যান্স রিভিউ সংক্রান্ত বিষয়সমূহ উপস্থাপন করার জন্য বলেন। এর পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্বাহী পরিচালক (লাইফ) নিম্নোক্ত বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন:

| ক্রমিক | সভার আলোচ্যসূচী | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১. | কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন্স এর গাইডলাইন্স ১৮ অনুযায়ী কোম্পানির দায়মূল্যায়ন প্রতিবেদন ওয়েবসাইটে দাখিলের নির্দেশনা রয়েছে কিন্তু কোম্পানি তা পরিপালন করেনি।<br>বীমা পরিকল্পগুলো ওয়েবসাইটে প্রদর্শনের নির্দেশনা থাকলেও কোম্পানি নামমাত্র কয়েকটি পরিকল্প ওয়েবসাইটে প্রদর্শন করেছে। এছাড়া কোম্পানির শাখার তালিকাও ওয়েবসাইটে সংরক্ষণ করা হয় না। | কর্পোরেট গভর্ন্যান্স গাইডলাইন্স এর গাইডলাইন্স ১৮ অনুযায়ী কোম্পানির দায়মূল্যায়ন প্রতিবেদন ওয়েবসাইটে দাখিল করতে হবে। সব বীমা পরিকল্প ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে। এছাড়া কোম্পানির শাখার তালিকা ওয়েবসাইটে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে। |
| ২. | কোম্পানির গ্রস প্রিমিয়াম আয় ২০২০ সালে ৪২.৩৮ কোটি টাকা, ২০২১ সালে ৪৫.১৮ কোটি টাকা, ২০২২ সালে ৪৩.০৪ কোটি টাকা, ২০২৩ সালে ৩৬.৭৪ কোটি টাকা, ২০২৪ সালের সেপ্টেম্বর পর্যন্ত ৩৪.৪৬ কোটি টাকা। কোম্পানির গ্রস প্রিমিয়াম আয় ক্রম হ্রাসমান। | কোম্পানির গ্রস প্রিমিয়াম আয় এবং নবায়ন প্রিমিয়াম আয় বাড়াতে হবে। |
| ৩. | কোম্পানির মোট বিনিয়োগের পরিমান ২৫১ কোটি টাকা যার বিপরীতে বিনিয়োগ রিটার্নের পরিমান ৪.৫৪ কোটি টাকা। অর্থ্যাৎ বিনিয়োগ রিটার্নের পরিমান মাত্র ১.৮১% যা গ্রহণযোগ্য নয়। বাণিজ্যিক ব্যাংক ও NBFI এ মোট বিনিয়োগের পরিমাণ ৫৬.০৩ কোটি টাকা যার মধ্যে ঝুঁকিপূর্ণ প্রতিষ্ঠান: মধুমতি ব্যাংক, পিপলস লিজিং এন্ড ফিন্যান্সিয়াল সার্ভিস, এনআরবি ব্যাংক, ইউনিয়ন ক্যাপিটাল লিমিটেড, প্রাইম ফাইন্যান্স এন্ড ইনভেস্টমেন্ট ও রয়েছে। | কোম্পানির বিনিয়োগ ঝুঁকিমুক্ত নিরাপদ প্রতিষ্ঠানে করতে হবে। Bad investment বাতিলপূর্বক Bad investment এর জন্য দায়ী ব্যক্তিকে খুঁজে বের করে প্রয়োজনীয় পদক্ষেপ নিয়ে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রন কর্তৃপক্ষকে প্রমাণকসহ দ্রুত অবহিত করতে হবে। |

CamScanner

| | | |
|---|---|---|
| ৪. | কোম্পানির চলমান (Inforce) পলিসির সংখ্যা ২০২১ সালে ২১,০৫০, ২০২২ সালে ২৫,৯৪৬, ও ২০২৩ সালে ২৮,১২৫ টি। ২০২৪ সালের ১ম কোয়ার্টার পর্যন্ত ২৩,০৩৫, ২০২৪ সালের ২য় কোয়ার্টার পর্যন্ত ২৩,১১১ ও ২০২৪ সালের ৩য় কোয়ার্টার পর্যন্ত ২১,৯০৮টি।কোম্পানির চলমান (Inforce) পলিসির সংখ্যাও ক্রম হ্রাসমান। | কোম্পানিতে চলমান (Inforce) পলিসির সংখ্যা বাড়াতে হবে। |
| ৫. | ALO মডিউলে সংরক্ষিত বীমা এজেন্ট এর তথ্য অনুযায়ী দেখা যাচ্ছে, উক্ত বীমা প্রতিষ্ঠানে মোট ১,৬৬০ জন বীমা এজেন্ট কর্মরত রয়েছে যাদের মধ্যে ৮৭৪ জন এজেন্ট মেয়াদোত্তীর্ণ অবস্থায় রয়েছে। অর্থাৎ উক্ত বীমা প্রতিষ্ঠানের ৫২.৬৫% এজেন্ট বর্তমানে মেয়াদোত্তীর্ণ হয়ে লাইসেন্সবিহীন অবস্থায় রয়েছে। প্রগ্রেসিভ লাইফ ইনসিওরেন্স কোম্পানী লিমিটেড হতে ০১ জানুয়ারি ২০২৪ হতে ৩০ নভেম্বর ২০২৪ পর্যন্ত কর্তৃপক্ষের IIMS এ প্রেরিত পলিসি সংক্রান্ত তথ্য যাচাই-বাছাই পূর্বক পরিলক্ষিত হয় যে, কোম্পানি কর্তৃক প্রেরিত ৯,৪২০ টি পলিসি তথ্যের মধ্যে ২,৫৩০ টি পলিসি তথ্যে কর্তৃপক্ষ হতে প্রদানকৃত ALO এজেন্ট কোড ব্যবহার করেনি। ALO মডিউলে সংরক্ষিত বীমা এজেন্ট এর তথ্য এবং কর্তৃপক্ষের IIMS এ প্রেরিত Policy তথ্য যাচাই-বাছাই পূর্বক পরিলক্ষিত হচ্ছে যে, বীমা প্রতিষ্ঠান এর বর্তমানে মেয়াদোত্তীর্ণ ৮৭৪ জন এজেন্ট এর মধ্যে ১৩৪ জন এজেন্ট তাদের লাইসেন্সের মেয়াদোত্তীর্ণের পরেও মোট ১৪৪৮ টি পলিসি সংগ্রহ করেছে যা বীমা আইনের ১২৪ ধারার অধীনে প্রণীত "বীমা এজেন্ট (নিয়োগ, নিবন্ধন ও লাইসেন্স) প্রবিধানমালা, ২০২১" এর প্রবিধি ০৮ এর সুস্পষ্ট লংঘন। | এজেন্ট নিয়োগের ক্ষেত্রে যাচাই বাছাই করে বীমা নীতিমালা অনুযায়ী এজেন্ট নিয়োগ করতে হবে। আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে মেয়াদোত্তীর্ণ এজেন্ট নিস্ক্রিয় করতে হবে। এজেন্ট এর তথ্য আপডেট করতে হবে। মেয়াদোত্তীর্ণ ৮৭৪ জন এজেন্ট এর মধ্যে ১৩৪ জন এজেন্ট যারা লাইসেন্সে মেয়াদোত্তীর্ণের পরেও মোট ১৪৪৮ টি পলিসি সংগ্রহ করেছে তাদের বিস্তারিত তথ্য আগামী ০১ (এক) মাসের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |
| ৬. | কোম্পানি কর্তৃক দাখিলকৃত তৃতীয় প্রান্তিকের প্রতিবেদন অনুযায়ী ৪১,১৫৩ টি অনিষ্পন্ন পলিসির বিপরীতে মোট অপরিশোধিত বীমা দাবির পরিমান ১৬৮ কোটি টাকা। ২৫১ কোটি টাকার বিনিয়োগ থাকা স্বত্তেও কোম্পানী বীমা দাবি পরিশোধ করছে না। বিগত এক বছরে (ডিসেম্বর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৪ পর্যন্ত) কোম্পানির বিরুদ্ধে উত্থাপিত/ অভিযোগের পলিসির সংখ্যা ১,২১৮ টি যার বিপরীতে অনিষ্পত্তিকৃত পলিসির সংখ্যা ৮৭২ টি। কোম্পানির বীমা দাবির নিষ্পত্তির হার মোটেই সন্তোষজনক নয়। | কর্তৃপক্ষ হতে ২০২১ ও ২০২২ সালের প্রেরিত সকল বীমা দাবি আগামী ৯০ (নব্বই) দিনের মধ্যে পরিশোধ করতে হবে এবং ২০২৩ ও ২০২৪ সালের প্রেরিত সকল বীমা দাবি আগামী ০১ (এক) বছরের মধ্যে পরিশোধ করতে হবে। কোম্পানির BGTB তে বিনিয়োগকৃত ফান্ড গুলো ম্যাচিউর হলে উক্ত টাকা দিয়ে সংঙ্গে সংঙ্গে বীমা দাবি পরিশোধ করতে হবে। বীমা দাবি পরিশোধের Monthly Statement কর্তৃপক্ষে প্রেরণ করতে হবে। |
| ৭. | কোম্পানির পরিশোধিত মুলধন বর্তমানে ১৩.৫ কোটি টাকা। কোম্পানির পরিশোধিত মুলধন তুলনামূলক কম। | বীমা আইন ২০১০ এর ২১ ধারার বিধানমতে পরিশোধিত মুলধন ১৮ (আঠারো) কোটি টাকায় উন্নীত করতে হবে। পরিশোধিত মুলধন ১৮ (আঠারো) কোটি টাকায় উন্নীত করার জন্য কোম্পানি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ আগামী ০১ (এক) মাসের মধ্যে কর্তৃপক্ষকে অবহিত করতে হবে। |
| ৮. | কোম্পানি নিজস্ব ফ্লোর ভাড়া ব্যবস্থাপনা ব্যয় এর অন্তর্ভুক্ত করছে না। কোম্পানি কর্তৃক নিজস্ব ফ্লোর ভাড়া বাদ দিয়ে ব্যবস্থাপনা ব্যয় অনুমোদিত সীমার মধ্যে দেখানো হয়েছে। | কোম্পানির নিজস্ব ফ্লোর ভাড়া ব্যবস্থাপনা ব্যয় এর অন্তর্ভুক্ত করতে হবে। ব্যবস্থাপনা ব্যয় অনুমোদিত সীমার মধ্যে রাখতে হবে। |
| ৯. | কোম্পানির ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের বার্ষিক সাধারণ সভা (AGM) করা হয়নি। | আগামী ৩০ জুন ২০২৫ খ্রি. এর মধ্যে কোম্পানির ২০২১, ২০২২, ২০২৩ ও ২০২৪ সালের বার্ষিক সাধারণ সভা (AGM) গুলো সম্পন্ন করতে হবে। |

২.০ সভাশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করেন।

CamScanner

ড. এম আসলাম আলম
চেয়ারম্যান

তারিখ:

নম্বর: ৫৩.০৩.০০০০.০৩৬.৫৬.০০১.২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। চেয়ারম্যানের স্টাফ অফিসার (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
২। সদস্যগণের সহকারী ( সদস্য মহোদয়গণের সদয় অবগতির জন্য ), বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।
৩। চেয়ারম্যান, প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড।
৪। মুখ্য নির্বাহী কর্মকর্তা, প্রগ্রেসিভ লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেড।
৫। অফিস কপি, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ।

Amin
16.01.2025

মোঃ আমিন হোসেন
সহকারী পরিচালক (লাইফ)